


Institute : **BHUGOL SHIKSHA**
Website : https://www.bhugolshiksha.com

# বিদ্রোহী কবি নজরুল ইসলাম

অগ্নিবীণার সুরলহরী
নজরুল ইসলাস,
তোমার তুলনা তুমি হে কবি
তোমায় হাজার সেলাম!
প্রবীর জানা

## ভূমিকা:

যে কবির কাব্যে গানে ধ্বনিত হয়েছিল মৃত্যুঞ্জয়ী চির যৌবনের জয়ধ্বনি, যাঁর কাব্যবীণায় ঝঙ্কৃত হয়েছিল অগ্নিবীণার সুর-ঝঙ্কার, যিনি ধীর স্থির বাংলা কাব্যে বয়ে নিয়ে এসেছিলেন দুর্বার কালবৈশাখীর ঝড়, তিনি বিদ্রোহী-কবি কাজী নজরুল ইসলাম। পরাধীন ভারতের জড়তাগ্রস্ত সমাজের বুকে, প্রাণহীন প্রান্তরে তাঁর কাব্যে তিনি সঞ্চারিত করেছিলেন নব-যৌবনের শেনিত-ধারা। তাঁর কবিতাগুলি নব-ভারতের সঞ্জীবনী মন্ত্র, তাঁর সংগীত সর্বহারার কান্নার বাণী। তাঁর সংগীত ও কবিতায় সেদিন 'নবযৌবন- জলতরঙ্গে'র বিপুল আবেগে নেচে উঠেছিল 'হিমালয়-চাপা প্রাচীর; তিনি ছিলেন পরাধীন ভারতের নবজাগরণের অন্যতম ধ্বজা।'

## জন্ম:

কবি নজরুল ইসলাম ১৮৯৯ সালের ২৪ মে বর্ধমান জেলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম ফকির আহমেদ, মাতা জাহেলা খাতুন। তাঁরা ছিলেন তিন ভাই ও এক বোন। মনে হয় অস্বচ্ছল দরিদ্র পরিবারে জন্মেছিলেন বলে বাবা-মা আদর করে ছোটোবেলা তাঁর নাম রেখেছিলেন দুখু মিঞা। শৈশবে তিনি হারালেন পিতাকে। সীমাহীন দারিদ্র্য ও অনিশ্চিত ভবিষ্যতের করাল গ্রাস পারল না তাঁকে বিচলিত করতে। অল্প বয়সে কৈশোরের স্বপ্নময় মুহূর্তগুলোকে কঠোর বাস্তবের হাড়িকাঠে বিসর্জন দিলেন না। ধর্মপ্রাণ পিতার আদর্শ ও পারিবারিক পরিবেশ তাঁকে দিয়েছিল দুঃখ জয়ের অমিত শক্তি।

## শিক্ষা:

নজরুলের প্রাথমিক শিক্ষা শুরু হয় গ্রামের বিশিষ্ট মৌলবী কাজী ফজল আহমেদের পাঠশালায়, তাঁর যেমন ছিল অসাধারণ মেধা তেমনি জ্ঞান-আহরণের ক্ষুধা। জীবিকার প্রাণবন্ত প্রচেষ্টা চালিয়ে গেলেও থামেনি তাঁর জানাও শেখার দুর্বার ইচ্ছার উন্মাদনা। তিনি সর্ব্বগ্রাসী ক্ষুধায় কাতর হয়েও পাঠ করলেন কোরান, রামায়ন-মহাভারত, ভাগবত-পুরাণ, যাত্রাগান-কথকতা। বাংলা ও ফরাসী সাহিত্যের প্রতি অনুরাগ তাঁর উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত। সেখান থেকে পেয়েছিলেন দুঃখ-জয়ের অমোঘ প্রেরণা। রাণীগঞ্জের সিয়ারসোল বিদ্যালয় ছেড়ে বর্ধমানের মাথরুণ উচ্চ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হলেন। সেখানের প্রধান শিক্ষক ছিলেন কবি কুমুদরঞ্জন মল্লিক। নজরুল পেলেন তাঁর সান্নিধ্য। কিন্তু তাঁকে সচেষ্ট হতে হল উপার্জনের জন্য। এক সহৃদয় মুসলমান দারোগার প্রচেষ্টায় তিনি ভর্তি হলেন ময়মনসিংহ জেলার দরিয়াপুর উচ্চ বিদ্যালয়ে। জীবিকার সন্ধান তাড়া করতে থাকল। বাধ্য হয়ে যোগ দিলেন লেটোর দলে, গান বাঁধলেন, সুরও দিলেন। তাঁর জীবনপ্রবাহ যেন বয়ে চলা নদীর স্রোত। তিনি চেপে আছেন দিভ্রান্ত তরণীতে, ভিড়ছেন এক ঘাট থেকে অন্য ঘাটে। ফিরে এলেন সিয়াসোলে, ভর্তি হলেন অষ্টম শ্রেণীতে। তাঁর পরিচয় হল শৈলজানন্দ মুখোপাধ্যায়ের সাথে এখানে। বেজে উঠল প্রথম বিশ্বযুদ্ধের দুন্দুভি। তিনি যোগ দিলেন বেঙ্গলী রেজিমেন্টে। সৈনিক হয়ে চলে গেলেন যুদ্ধক্ষেত্রে, অভিষিক্ত হলেন হাবিলদারের পদে।

## বাংলা কাব্যে প্রতিষ্ঠা লাভ :

যুদ্ধ শেষ হলো। প্রথম মহাযুদ্ধোত্তর পৃথিবী। যুদ্ধের প্রতিক্রিয়ায় বিশ্বের যুবশক্তি তখন বিদ্রোহধর্মী। বিদ্রোহী হাবিলদার কবি নজরুল দুর্বার পদ-বিক্ষেপে রবীন্দ্রনাথের প্রতিষ্ঠা-ভূমিতে আবির্ভূত হলেন। তাঁর 'বিদ্রোহী কবিতাটিই, প্রকৃত-পক্ষে বাংলা কবিতার ক্ষেত্রে তাঁর প্রবেশের প্রথম ছাড়পত্র স্বরূপ। উদাত্তকণ্ঠে তিনি ঘোষণা করলেন-

"বল বীর
বল, উন্নত মম শিরkk
বল বিশ্বের মহাকাশ ফাড়ি।
চন্দ্রসূর্য গ্রহতারা ছাড়ি'
উঠিয়াছি চির-বিস্ময় আমি বিশ্ব-ধরিত্রীর।"

'বিদ্রোহী' কবিতাই তাঁকে বাংলার কবিতার আসরে সুপ্রতিষ্ঠিত করেছে সবচেয়ে বেশী। কবি নজরুল হলেন এরপরে বাংলার বিদ্রোহী কবি।

🔘 প্রতিদিন আপডেট পেতে ও আমাদের সাথে যুক্ত থাকতে নিচের দেওয়া লিঙ্কে ক্লিক করুন :-

| FOLLOW US | | |
|---|---|---|
| **Android App** | Download Our App | https://play.google.com/store/apps/details?id=com.imantg.porasunalearningapp |

| | | |
|---|---|---|
| **YouTube Channel** | **Subscribe our Channel** | **https://youtube.com/channel/UCyBsu7ZKvEkvabUplwfF9hA** |
| **WhatsApp Channel** | **Join us / Call or WhatsApp 9476288780** | **https://whatsapp.com/channel/0029Va5FvxrLNSaB1Ci2f206** |
| **Telegram Channel** | **Join us** | **https://tx.me/bhugolshiksha** |
| **Facebook Page** | **Like our Page** | **https://www.facebook.com/Bhugolshikshakendra/** |
| **Twitter** | **Follow us** | **https://twitter.com/winexamin** |
| **Instagram** | **Follow us** | **https://instagram.com/winexaminstitute** |
| **BhugolShiksha.com Website** | **Visit Website** | **https://www.bhugolshiksha.com/** |